২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-G-SEC-T-2

(প্রতিবেদন, বিজ্ঞাপন রচনা, সাহিত্যপাঠ ও প্রয়োগ বৈচিত্র্য)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) মুখ্য প্রতিবেদকের কাজ কী?

খ) প্রতিবেদক কাকে বলে?

গ) 'Objective Reporting' শব্দটির বাংলা প্রতিশব্দ লেখো।

ঘ) রাজনৈতিক প্রতিবেদনের সংজ্ঞা দাও।

ঙ) জনকল্যাণমূলক বিজ্ঞাপন বলতে কী বোঝো?

চ) 'বিজ্ঞাপন' শব্দের অর্থ কী?

(পরের পাতায়)

ছ) 'বিজ্ঞাপনদাতা' বলতে কী বোঝায়?

জ) 'পাদটীকা' শব্দের ইংরেজি পরিভাষা লেখো।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) একটি প্রতিবেদন রচনার সময় একজন প্রতিবেদকের মানসিকতা কেমন থাকা উচিত আলোচনা করো।

খ) 'তদন্তমূলক প্রতিবেদন' সম্পর্কে সংক্ষেপে লেখো।

গ) বিজ্ঞাপনের সুফল ও কুফল সম্পর্কে লেখো।

ঘ) বিজ্ঞাপন রচনার নিয়ম সম্পর্কে তোমার অভিমত জানাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) প্যারিস অলিম্পিক ২০২৪-এ ভারতীয় খেলোয়াড়দের পদকজয় সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

খ) দূষণের কারণে তাপমাত্রা বৃদ্ধি—এই বিষয়ে যুক্তিনির্ভর সন্দর্ভ রচনা করো।

গ) ''জাঙ্ক ফুড'' শরীরের পক্ষে ক্ষতিকারক' এ বিষয়ে সমাজসচেতনমূলক একটি সতর্কীকরণ উল্লেখ করে বিজ্ঞাপনের খসড়া রচনা করো।

ঘ) সত্যজিৎ রায় পরিচালিত 'পথের পাঁচালী' চলচ্চিত্র নির্মাণের মধ্য দিয়ে 'পথের পাঁচালী' উপন্যাস পাঠের রসাস্বাদন তুমি কীভাবে করতে পারো — এবিষয়ে তোমার মতামত জানাও।

———————